

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

## আপীল বিভাগ

স্মারক নং : ৭২৬/২০২০ এসসি (এডি)

তারিখ: ২/০৮/২০২০ খ্রিঃ

### দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের (৩১+১২) জন = সর্বমোট ৪৩ জন (পুরুষ/মহিলা) জাতীয় বেতন স্কেলের ১৬-২০ নং গ্রেডভুক্ত নন গেজেটেড কর্মচারীদের (জমাদার, এম,এল,এস,এস, ফরাস, মালী ও সুইপার) প্রাপ্য প্রতি ২ বছরের জন্য গ্রীষ্মকালীন দাপ্তরিক পোশাক ফুল সাফারী, হাফ সাফারী, জর্জেট শাড়ী, সুতি শাড়ী ও নাম ফলক সীমিত দরপত্র পদ্ধতিতে ক্রয়ের নিমিত্ত সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছেঃ

#### ৩১ জন পুরুষ কর্মচারীর গ্রীষ্মকালীন দাপ্তরিক পোশাক এর প্রাপ্যতা নিম্নরূপ :-


ক্র. নং	দ্রব্যের নাম	পরিমাণ
১.	ফুল সাফারী	৩১ সেট
২.	হাফ সাফারী	৩১ সেট
৩.	নাম ফলক	৩১ টি

#### ১২ জন মহিলা কর্মচারীর গ্রীষ্মকালীন দাপ্তরিক পোশাক এর প্রাপ্যতা নিম্নরূপ :-

ক্র. নং	দ্রব্যের নাম	পরিমাণ
১.	(ক) জর্জেট শাড়ী- ২ টি ও অনুষঙ্গ (খ) সুতি শাড়ী- ২ টি ও অনুষঙ্গ	১২ সেট
২.	নাম ফলক	১২ টি

### দরপত্রের শর্তাবলী

- আগামী ১৭/০৮/২০২০ খ্রিঃ তারিখ বেলা ২ঃ০০ ঘটিকা পর্যন্ত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের ৩০৩ নং কক্ষের সামনে রক্ষিত বাগ্রে দরপত্র দাখিল করিতে হইবে এবং ঐ দিনই বেলা ২ঃ৩০ ঘটিকার সময় দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাগ্ন খোলা হইবে।
- দরপত্রে প্রতিটি গ্রীষ্মকালীন দাপ্তরিক পোশাকসমূহ এর মূল্য পৃথকভাবে উল্লেখ পূর্বক সর্বমোট মূল্য অবশ্যই উল্লেখ করিতে হইবে এবং হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স এবং আনুসঙ্গিক কাগজপত্রাদি সংযুক্ত করতঃ দরপত্র দাখিল করিতে হইবে। খামের উপর "সীমিত দরপত্র (এল.টি.এম)" শব্দটি উল্লেখ করিতে হইবে।
- দরপত্রের সহিত মোট মূল্যের শতকরা ৫% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) নিম্ন স্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হইবে। নগদ অর্থ গ্রহণযোগ্য নহে।
- কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার গ্রীষ্মকালীন দাপ্তরিক পোশাকসমূহ সরবরাহের তারিখ হতে ৬ (ছয়) মাস পর্যন্ত সংশ্লিষ্ট দপ্তরে সংরক্ষিত থাকিবে।
- অসম্পূর্ণ, শর্তযুক্ত, কাঁটা-ছেড়া বা ফু-ইড ব্যবহৃত দরপত্র এবং নির্ধারিত সময়ের পরে কোন দরপত্র কোনক্রমেই গ্রহণযোগ্য নহে।
- কর্তৃপক্ষ সর্বনিম্ন দরপত্র প্রস্তাব গ্রহণে বাধ্য নহে এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা সকল দরপত্র বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

আদেশক্রমে,  
  
০৫-০৮-২০২০  
(মোহাম্মদ মেহেদী হাসান)  
ডেপুটি রেজিস্ট্রার  
বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
আপীল বিভাগ, ঢাকা।

প্রচারের জন্য অনুলিপিঃ-

- ১। নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
  - ২। নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
  - ৩। নোটিশ বোর্ড, অ্যাটর্নী জেনারেলের অফিস, ঢাকা।
  - ৪। নোটিশ বোর্ড, সার্ভিসিটর অফিস, ঢাকা।
  - ৫। নোটিশ বোর্ড, আইন কমিশন, ঢাকা।
  - ৬। নোটিশ বোর্ড, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন।
- ✓ বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইট।